

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৮২২

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৬. জুমু'আহর দিন ফজরের সালাতের কিরাআত।

بَابِ الْقِرَاءَةِ فِي صَلَاةِ الْفَجْرِ يَوْمَ الْجُمُعَةِ

### আরবী

حَدَّثَنَا أَنْهَرُ بْنُ مَرْوَانَ، حَدَّثَنَا الْحَارِثُ بْنُ نَبْهَانَ، حَدَّثَنَا عَاصِمُ بْنُ بَهْدَلَةَ، عَنْ مُصنْعَبِ بُنِ سَعْدٍ، عَنْ أَبِيهِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقْرَأُ فِي صَلَاةِ الْفَجْرِ يَوْمَ الْجُمُعَةِ (الم \* تَنْزِيلُ) وَ (هَلْ أَتَى عَلَى الإِنْسَانِ)

#### বাংলা

২/৮২২। সা'দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমুআহর দিন ফজরের সালাতে আলিফ-লাম-মীম তান্যীল এবং হাল আতা আলাল ইনসান সুরাদ্বয় তিলাওয়াত করতেন।

### **English**

It was narrated from Mus'ab bin Sa'd that his father said:

"For the Fajr prayer on Fridays, the Messenger of Allah (ﷺ) used to recite 'Alif-Lam-Mim. The revelation...' [32:1] and 'Has there not been over man...'" [76:1]

## ফুটনোট

তাহকীক আলবানী: সহীহ। উক্ত হাদিসের রাবী হারিস বিন নাহবান সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার থেকে হাদিস লিখা হয় না। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল। আহমাদ বিন হাম্বল ও ইমাম বুখারী বলেন, মুনকারুল হাদিস। ইমাম নাসাঈ বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, কোন সমস্যা নেই। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it 9}} {\color{blue} {\rm Link-https://www.hadithbd.com/hadith/link/?id=} 11891}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন